রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

সততার কোন বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নহে।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী।

মানিলন্ডারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট

ফোন নং: ০২৪৭-৮৬০৫১৯; ই-মেইল: dgmbcd@rakub.org.bd; ওয়েবসাইট: www.rakub.org.bd

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

এমটিএফপি এন্ড বিসিড সার্কুলার নং-০৩/২০২২ তারিখ: ০১.০৮.২০২২

সকল জোনাল ব্যবস্থাপক
ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: রাকাব মোবাইল App, ইন্টারনেট ব্যাংকিং এবং শাখার অভার দ্যা কাউন্টারের মাধ্যমে নর্দান ইলেকট্রিসিটি পাওয়ার সাপ্লাই কোম্পানী লিমিটেড (নেসকো) এর বিদ্যুৎ বিল গ্রহণ প্রসংগে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। রাকাব মোবাইল App, ইন্টারনেট ব্যাংকিং ও অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে নর্দান ইলেকট্রিসিটি পাওয়ার সাপ্লাই কোম্পানী লিমিটেড (নেসকো) এর বিদ্যুৎ বিল (Postpaid ও Prepaid) গ্রহণের লক্ষ্যে গত ২২ মার্চ ২০২২ তারিখে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এবং নর্দান ইলেকট্রিসিটি পাওয়ার সাপ্লাই কোম্পানী লিমিটেড (নেসকো) এর মধ্যে চুক্তি সম্পাদিত হয়েছে। সম্পাদিত চুক্তি অনুযায়ী রাকাব, রাজশাহী শাখা কর্তৃক ব্যাংক বিধি মোতাবেক কোম্পানীর নামে "NESCO Central Revenue Collection (Prepaid)" ও "NESCO Central VAT Collection (Prepaid)" নামীয় দু'টি এবং "NESCO Central Revenue Collection (Postpaid)" ও "NESCO Central VAT Collection (Postpaid)" নামীয় দু'টি পৃথক হিসাব খোলা হয়েছে।

০৩। সম্পাদিত চুক্তি অনুসারে ব্যাংকের গ্রাহকগণ রাকাব মোবাইল App ও ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে ঘরে বসে যে কোন সময় নেসকো এর বিদ্যুৎ বিল পরিশোধ সেবা গ্রহণ করছেন।

০৪। রাকাবের গ্রাহকসহ আন-ব্যাংক (unbanked) প্রান্তিক জনগণকে ব্যাংকিং সেবা প্রদানের সুবিধার্থে উপর্যুক্ত চুক্তি মোতাবেক নিম্নোক্ত শর্তসমূহ যথাযথভাবে পরিপালনপূর্বক ব্যাংকের সকল শাখায় অভার দ্যা কাউন্টারের মাধ্যমে নেসকো বিদ্যুৎ বিল গ্রহণ করার পরামর্শ দেয়া হলো:

(০১) কেবলমাত্র ব্যাংকের CBS এর 'ইউটিলিটি বিল কালেকশন' মডিউলের মাধ্যমে নেসকো এর বিদ্যুৎ বিল যাচাই পূর্বক গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে সরাসরি নেসকো এর কালেকশন হিসাব ক্রেডিট/ডেবিট করা যাবে না।

(০২) শাখার অভার দ্যা কাউন্টারে নেসকো বিদ্যুৎ বিল গ্রহণের ক্ষেত্রে গ্রাহকের নিকট হতে কোন প্রকার চার্জ কর্তন করা যাবে না।

(০৩) বিল (revenue collection) ও ভ্যাটের পরিমাণ পৃথকভাবে হিসাবায়ন করতে হবে।

(০৪) প্রতিটি বিলে যথাযথভাবে স্ক্রল নম্বর প্রদান করতে হবে।

(০৫) প্রতিটি বিলের কপি ও দৈনিক সংগ্রহের বিবরণীতে যথাযথভাবে স্বাক্ষর এবং সীল ব্যবহার করতে হবে।

(০৬) পরিমাণ অংশে যথাক্রমে টিক চিহ্ন (✓) এবং টাকার পরিমাণ উল্লেখ করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে বিদ্যুৎ বিল এর উপর রাজস্ব স্ট্যাম্প আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে এবং কোম্পানির সংশ্লিষ্ট সংগ্রহ হিসাব ডেবিট করে রাজস্ব স্ট্যাম্পের খরচ সংগ্রহ করা হবে। এতদসংক্রান্ত প্রয়োজনীয় সকল প্রমাণক সংরক্ষণ করতে হবে। জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক রাজস্ব স্ট্যাম্প এর চার্জ পরিবর্তন করা হলে এ ধারাটি স্বয়ংক্রিয়ভাবে পরিবর্তন হবে।

(০৭) দৈনিক/মাসিক বিবরণীতে নিয়ম অনুযায়ী রাজস্ব স্ট্যাম্পের কর্তন এবং হ্রাসকৃত পরিমাণের বর্ণনা উল্লেখ করতে হবে।

(০৮) নেসকো-এর পক্ষে ক্রস চেকের মাধ্যমে বিল পরিশোধ করা যেতে পারে, তবে বিল পরিশোধের শেষ তারিখের ন্যূনতম তিন কার্যদিবস আগে চেক জমা হতে হবে।

(০৯) চেক প্রাপ্তির পর নগদায়ন সাপেক্ষে সংগৃহিত বিল নেসকো হিসাবে জমা করতে হবে। এই বিষয়ে বিল ও ভ্যাট এর পরিমাণ যথাযথভাবে নেসকো হিসাবে জমা করতে হবে।

চলমান পাতা-০২

(১০) চেকের জন্য একটি পৃথক দৈনিক বিল সংগ্রহের বিবরণী প্রস্তুত করে তা মাসিক বিবরণীর সাথে দাখিল করতে হবে।

(১১) ব্যাংকের বিল প্রাপ্তির তারিখ এবং নেসকো হিসাবে অর্থ জমা করার তারিখ একই হতে হবে। তবে, চেকের ক্ষেত্রে আইন অনুযায়ী নগদায়নের জন্য যৌক্তিক সময় পর্যন্ত ছাড় দিতে হবে।

(১২) ব্যাংকের সকল শাখা নেসকো এর যে কোনো বিক্রয় ও বিতরণ বিভাগের (S & D) বিদ্যুৎ বিল গ্রহণ করতে বাধ্য থাকবে।

(১৩) ব্যাংকের যে কোন শাখার গ্রাহক রাকাব মোবাইল App ও ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে উক্ত বিল পরিশোধ করতে পারবেন। ব্যাংকের গ্রাহকগণকে রাকাব মোবাইল App ও ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে নেসকো বিল পরিশোধে উদ্বুদ্ধ করতে হবে।

(১৪) প্রিপেইড বিল সংগ্রহের সময় বিল প্রদানকারীকে গ্রাহক নম্বরের বিপরীতে ব্যাংক কর্তৃক টোকেন নম্বরসহ একটি রশিদ/SMS (ওভার দ্যা কাউন্টার লেনদেনের ক্ষেত্রে রশিদ এবং MFS-এর ক্ষেত্রে SMS প্রযোজ্য হবে) প্রদান করা হবে। পরবর্তীতে যে কোন প্রয়োজনে বিল প্রদানকারীকে উক্ত রশিদ/SMS সংরক্ষণ করতে হবে।

০৫। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে এ বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০১.০৮.২০২২
(মোঃ বেল্লাল হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/ এমটিএফপি এন্ড বিসিড-১৭৭/২০২২-২০২৩/১২৬(৪৫৮) তারিখ: ০১.০৮.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সার্কুলারটি রাকাব-এর ওয়েবসাইটে প্রদর্শনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

০১.০৮.২০২২
(আঞ্জুমান শাহানা পারভীন)
উর্ধতন মুখ্য কর্মকর্তা